

বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ

(২০২৩ইং সনের ৩৯০নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৯ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার হইতে ১ জানুয়ারী, ২০২৪ খ্রি. তারিখ রোজ সোমবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চ সংশোধনপূর্বক গঠন করা হইলঃ

১. **বিচারপতি মোঃ ইকবাল কবির**
এবং
বিচারপতি বিশ্বজিৎ দেবনাথ

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, সম্পূরক শুদ্ধ, কাস্টমস, ইনকামট্যাক্স ও অর্থঋণসহ অতীব জরুরী সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের প্যাটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ),(গ),(ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুদ্ধ আইন, ২০১২-এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীলসহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র গ্রহণ করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

স্বাঃ-

বাংলাদেশের প্রধান বিচারপতি

তারিখঃ ০৬ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

প্রচারের জন্যঃ

১. বিচারপতি মোঃ ইকবাল কবির
২. বিচারপতি বিশ্বজিৎ দেবনাথ